

ঢাকা ওয়াসা

- ০১। ২০২৫-২৬ ইং অর্থবছরের অনুমোদিত সংশোধিত বার্ষিক ক্রয় পরিকল্পনার কপি।
০২। আলোচ্য কাজের খসড়া প্রাক্কলন।
০৩। আলোচ্য কাজের প্রাক্কলন।

বিষয়: Cleaning of Drain and Cleaning & Removal of Bushes & Weeds to Maintain Cleanliness of the Sarulia Intake Pumping Station Compound.

০১। ক্রমিক নং ১ হতে ৩ নং পর্যন্ত অনুগ্রহ পূর্বক দেখা যেতে পারে। ঢাকা ওয়াসার সায়েদাবাদ পানি শোধনাগারের অধীনে প্রায় ৪.৮০ কিলোমিটার ডি এন ডি খাল রয়েছে। ডি এন ডি খাল শীতলক্ষ্যা নদী হতে সায়েদাবাদ পানি শোধনাগারের Raw Water Conveyance এবং Pre-Sedimentation হিসাবে ব্যবহৃত হচ্ছে। শীতলক্ষ্যা নদী হতে সারুলিয়া পাম্পিং স্টেশনের সাহায্যে “র” ওয়াটার ডি এন ডি খালের মাধ্যমে এনে সায়েদাবাদ পানি শোধনাগার ফেজ-১ ও ফেজ-২ হতে প্রতিদিন প্রায় ৪৫ কোটি লিটার পরিশোধিত ও বিশুদ্ধ পানি ঢাকা মহানগরবাসীদের নিকট সরবরাহ করা হচ্ছে। সারুলিয়া পাম্পিং স্টেশন সরকারের একটি গুরুত্বপূর্ণ Key Points installations(KPI) স্থাপনা। এখানে, সারুলিয়া পাম্পিং স্টেশনটি শীতলক্ষ্যা নদীর পাড়ে অবস্থিত ফলে প্রতিনিয়ত ঢাকা ওয়াসার উচ্চপদস্থ কর্মকর্তারা উক্ত পাম্পিং স্টেশন ভিজিট করে থাকেন। এছাড়াও বিভিন্ন মেডিকেল কলেজ, বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী, বিদেশী অতিথি, সরকারী কর্মকর্তা-কর্মচারীসহ বিভিন্ন ধরনের অতিথি সারুলিয়া পাম্পিং স্টেশন ভিজিট করে থাকেন। সারুলিয়া পাম্পিং স্টেশনের অপারেশন ভবন, অফিস ভবন, আনসার ক্যাম্প ভবন এবং দুইটি নিরাপত্তা রুম রয়েছে। সারুলিয়া পাম্পিং স্টেশনটি সরেজমিনে পরিদর্শনান্তে দেখা যায়, সায়েদাবাদ পানি শোধনাগার ফেজ-২ এর চারিদিকে ঘোপ ঝাঁড়, ছোট ছোট গাছ-গাছালী, আগাছা ও ময়লা-আবর্জনা হয়েছে। উক্ত জায়গার মধ্যে বিষাক্ত সাপ, পিপড়া, শিয়াল, কুকুর ও অন্যান্য প্রাণী বসবাস করে। বর্ষা মৌসুম চলমান থাকায় মশা-মাছি ও অন্যান্য কিট-পতঙ্গের উপদ্রব বেড়ে গেছে। তাই সায়েদাবাদ পানি শোধনাগার ফেজ-২ এর চারিদিকে জরুরীভিত্তিতে ঘোপ ঝাঁড়, ছোট ছোট গাছ-গাছালী, আগাছা ও ময়লা-আবর্জনা পরিষ্কার-পরিচ্ছন্ন ও অপসারণ করা প্রয়োজন। আলোচ্য কাজটি সম্পন্ন করা হলে, প্ল্যান্টের সৌন্দর্য বৃদ্ধি পাওয়াসহ কর্ম পরিবেশ উন্নত হবে।

০২। আলোচ্য কাজটি বাস্তবায়নের লক্ষ্যে পূর্ব অনুমোদিত দর অনুযায়ী “দাপ্তরিক প্রাক্কলন” উপস্থাপন করা হল। উপস্থাপিত প্রাক্কলন দাঁড়িয়েছে মোট ৪৯,৭৮০.২৩৯ (উনপঞ্চাশ হাজার সাতশত আশি দশমিক দুই তিন নয় টাকা মাত্র) টাকা। ঢাকা ওয়াসার প্রচলিত DoFP অনুযায়ী, উপস্থাপিত প্রাক্কলন অনুমোদনের আর্থিক ক্ষমতা প্রধান প্রকৌশলী/ উপ-ব্যবস্থাপনা পরিচালক (ওএন্ডএম), ঢাকা ওয়াসা মহোদয়ের এখতিয়ার ভুক্ত। উক্ত কাজের ব্যয়ভার সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ) বিভাগ এর ২০২৫-২৬ ইং অর্থ বছরের সংশোধিত বাজেটের পানি ও পয়ঃ শোধনাগার (ওএন্ডএম) খাত (কোড ০১-০৪-০১১) হতে নির্বাহ করা যেতে পারে।

০৩। ২০২৫-২৬ ইং অর্থ বছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনায় কাজটি সরাসরি দরপত্র পদ্ধতিতে সম্পাদনের জন্য Emergency and unforeseen procurement of Works/Goods হিসাবে ধরা আছে। আলোচ্য কাজটি বার্ষিক ক্রয় পরিকল্পনার ক্রমিক নং-১৩৯ এবং প্যাকেজ নং- EU1 তে অন্তর্ভুক্ত রয়েছে। সেই আলোচ্য কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০২৫ এর ৯৯ (১) ধারা অনুসারে সরাসরি কার্যক্রম পদ্ধতি এর মাধ্যমে সম্পাদন করা যেতে পারে। এই কাজের জন্য, ঠিকাদারী প্রতিষ্ঠান M/S.Best Pearl Engineering কে নিয়োজিত করার প্রস্তাবনা পেশ করা হ’ল।

০৪। এমতাবস্থায়, উপর্যুক্ত অনুচ্ছেদ-১.০ হতে ১.২ পর্যন্ত বর্ণনালোকে Cleaning of Drain and Cleaning & Removal of Bushes & Weeds to Maintain Cleanliness of the Sarulia Intake Pumping Station Compound. শীর্ষক কাজটি সম্পাদনের লক্ষ্যে নিম্নবর্ণিত প্রস্তাবসমূহ অনুমোদন করা যেতে পারে।

ক) উল্লেখিত কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০২৫ এর ৯৯ (১) ধারা অনুসারে M/S.Best Pearl Engineering এর সহিত সরাসরি চুক্তির মাধ্যমে বাস্তবায়নের অনুমোদন।

খ) উপস্থাপিত দাপ্তরিক প্রাক্কলন ৮ ৪৯,৭৮০.২৩৯ (উনপঞ্চাশ হাজার সাতশত আশি দশমিক দুই তিন নয় টাকা মাত্র) টাকার অনুমোদন।

গ) আলোচ্য ক্রয় সংক্রান্ত ব্যয় ২০২৫-২৬ ইং অর্থ বছরের সংশোধিত বাজেটের পানি ও পয়ঃ শোধনাগার (ওএন্ডএম) খাত (কোড ০১-০৪-০১১) হতে নির্বাহের অনুমোদন।

উল্লেখ্য যে, উপর্যুক্ত প্রস্তাবসমূহ অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী/ উপ-ব্যবস্থাপনা পরিচালক (ওএন্ডএম), মহোদয়ের আওতাধীন।

03.06.26
সুব্রত কুমার দেব
উপ-সহকারী প্রকৌশলী
সারুলিয়া পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)
ঢাকা ওয়াসা।

মোঃ শফিউল আলম
সহকারী প্রকৌশলী
মহাঃ পানি শোঃ (রক্ষণাবেক্ষণ)
ঢাকা ওয়াসা।

রাজীব আহমেদ
নির্বাহী প্রকৌশলী
সারুলিয়া পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)
ঢাকা ওয়াসা।

SE(WSTP)/CE/০৫০(০৪৫)
সদস্য
M/S (Maint.)

০৩/০৬/২০২৬
মিজঃ গোলাম কিবরিয়া
উপ-ব্যবস্থাপনা পরিচালক
(অলদাঃ)
সারুলিয়া পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)
ঢাকা ওয়াসা।